# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো নিয়মিত আযান দেওয়া বিশেষত যখন সে পাহাড়ের চূড়ায় অথবা উপত্যকার পাদদেশে থাকে- এই ব্যাপারে হাদীস

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يُسْتَحَبُّ لِلْمَرْءِ مِنَ الْمُوَاظَبَةِ عَلَى التَّأْذِينِ وَلَا سِيَّمَا إِذَا كَانَ وَحْدَهُ فِي شَوَاهِقِ الْجِبَالِ وَبُطُونِ الْأَوْدِيَةِ

---

আরবী

1658 - أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ أَبِي عُشَّانَةَ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (يَعْجَبُ رَبُّكَ مِنْ رَاعِي غَنْمٍ فِي رَأْسِ الشَّظِيَّةِ لِلْجَبَلِ يُؤَذِّنُ لِلصَّلَاةِ وَيُصَلِّي فَيَقُولُ اللَّهُ: انْظُرُوا إِلَى عَبْدِي هَذَا يُؤَذِّنُ وَيُقِيمُ لِلصَّلَاةِ يَخَافُ مِنِّي قد غفرت لعبدي وأدخلته الجنة)

الراوي : عُقْبَة بْن عَامِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1658 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (41)، ((صحيح أبي داود)) (1086).

বাংলা

১৬৫৮. উকবাহ বিন আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “তোমর প্রতিপালক খুশি হন ঐ রাখালের প্রতি যে পাহাড়ের চূড়ায় তার মেষ চরায়, সে সালাতের জন্য আযান দেয় এবং সালাত আদায় করে। তখন মহান আল্লাহ বলেন, “তোমরা আমার এই বান্দার প্রতি দেখো, সে সালাত আদায় করার জন্য আযান ও ইকামাত দিচ্ছে। সে আমাকে ভয় করে। আমি আমার বান্দাকে ক্ষমা করে দিলাম এবং তাকে আমি জান্নাতে প্রবেশ করাবো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৫৮; আবূ দাউদ: ১২০৩; নাসাঈ: ২/২০; সুনান বাইহাকী: ১/৪০৫; তাবারানী: ১৭/৮৩৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91252

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন